JUN. 03 2002

ভোরের কাগজ

অপরাধ : সংখ্যালঘু নির্যাতন বন্ধে প্রধানমন্ত্রীকে স্মারকলিপি

# কারণ দর্শানো নোটিশ দিয়ে সাতকানিয়ায় প্রাথমিক স্কুলের প্রধান শিক্ষককে হয়রানি

**চট্টগ্রাম অফিস :** ধর্মীয় সংখ্যালঘুদের ওপর হামলা, নির্যাতন, নিপীড়ন ও ধর্ষণকারীদের গ্রেপ্তার ও বিচার চাওয়ার অপরাধে (!) চট্টগ্রাম সাতকানিয়া উপজেলার একটি প্রাইমারি স্কুলের প্রধান শিক্ষককে কারণ দর্শানো নোটিশ দিয়ে হয়রানি করা হচ্ছে। উপজেলা শিক্ষা অফিসার মোঃ আবুল কালাম আজ সোমবারের মধ্যে এ ব্যাপারে ঐ স্কুলের প্রধান শিক্ষককে জবাব দিতে নির্দেশ দিয়েছেন। এ ধরনের হয়রানিমূলক চিঠি পেয়ে হতবাক হয়ে গেছেন শিক্ষক চিত্তরঞ্জন আচার্য্য।

উপজেলা শিক্ষা অফিসার আবুল কালাম তার কারণ দর্শানো নোটিশে অভিযোগ করেছেন যে, চিত্তরঞ্জন আচার্য্য গত ২৩

● এরপর-পৃষ্ঠা ১১ কলাম ২

## কারণ দর্শানো নোটিশ দিয়ে সাতকানিয়ায়

● শেষের পাতার পর

অক্টোবর সাতকানিয়া উপজেলার কেন্দ্রীয় পূজা উদযাপন পরিষদের সভাপতি হিসেবে সাতকানিয়া উপজেলার হিন্দু জনসাধারণ ও পূজার্থীদের পক্ষে উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে প্রধানমন্ত্রীর কাছে বিগত ৮ম জাতীয় সংসদ নির্বাচনের আগে এবং পরে ধর্মীয় সংখ্যালঘুদের ওপর নির্যাতনকারীদের গ্রেপ্তার ও শাস্তি দাবি করে স্মারকলিপি প্রদান করেছেন। এসব দাবি করাতে ধর্মপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সাতকানিয়া পূজা উদযাপন পরিষদের সভাপতি চিত্তরঞ্জন আচার্য্য সরকারি কর্মচারী হয়ে দেশের শান্তি ও সম্প্রীতি নষ্টের প্ররোচনা জুগিয়েছেন বলে কারণ দর্শানো নোটিশে অভিযোগ করা হয়। এর পাশাপাশি নির্যাতন বন্ধ ও বিচার দাবি করে প্রধানমন্ত্রীর কাছে আবেদন করাটিও বিধিবহির্ভূত হয়েছে বলে ঐ শিক্ষকের বিরুদ্ধে অভিযোগ করা হয়েছে।

গত ৩০ মে জারিকৃত এই কারণ দর্শানো নোটিশে আজ সোমবারের মধ্যে চিত্তরঞ্জন আচার্য্যকে এ ব্যাপারে ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশ দেওয়া হয়েছে। হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদ কেন্দ্রীয় কমিটির সহসাধারণ সম্পাদক এডভোকেট রানা দাশগুপ্ত সরকারিভাবে ধর্মীয় সংখ্যালঘু সম্প্রদায়কে হয়রানি করার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন। তিনি বলেন, এ দেশের প্রতিটি নাগরিকের মৌলিক অধিকার রয়েছে নিরাপত্তা চাওয়ার এবং সমাজের একজন হিসেবে চিত্তরঞ্জন আচার্য্যের এই আবেদন (প্রধানমন্ত্রীর কাছে) অত্যন্ত সময়োচিত। তিনি সামাজিক দায়িত্বই পালন করেছেন। বরং স্মারকলিপি দিয়ে সরকারকে আইনশৃঙ্খলা রক্ষার জন্য সহায়তা করে সঠিক কাজই করেছেন। এ ধরনের কারণ দর্শানো নোটিশ হয়রানি ছাড়া আর কিছুই নয় বলে তিনি মন্তব্য করেন।